# বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

## ‘মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষায় কোভিড-১৯ সৃষ্ট ঝুঁকিসমূহ নির্ণয় এবং এসডিজি-৪ অর্জনে ঝুঁকিসমূহ মোকাবেলার কৌশল নির্ধারণে জরিপ ২০২১’ শীর্ষক জরিপের তথ্যছক পূরণের নির্দেশিকা

### শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যছক পূরণের নির্দেশিকা

**১.১** নং প্রশ্নে শিক্ষা প্রতিষ্ঠানের নাম বাংলায় স্পষ্টাক্ষরে স্বীকৃতি অনুযায়ী লিখুন এবং প্রতিষ্ঠানটি কোন উপজেলা/থানা ও জেলায় অবস্থিত তার নাম লিখুন।

**১.২** নং প্রশ্নে শিক্ষা প্রতিষ্ঠানের ধরন নির্বাচন করুন।

**১.৩** নং প্রশ্নে প্রতিষ্ঠানটিতে কোন শ্রেণি থেকে কোন শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয় তা লিখুন।

**১.৪** নং প্রশ্নে স্তর এবং শ্রেণি অনুযায়ী ২০২০ সালের ১ মার্চ এবং ২০২১ সালের ১ মার্চ পর্যন্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা রেজিস্ট্রার খাতা দেখে লিপিবদ্ধ করুন।

**১.৫** নং প্রশ্নে ২০২০ সালের ১ মার্চ এবং ২০২১ সালের ১ মার্চ পর্যন্ত কর্মরত শিক্ষক শিক্ষিকার সংখ্যা হাজিরা খাতা অনুসারে লিখুন।

**২.৩** নং প্রশ্নে অনলাইন ক্লাস পরিচালনার জন্য প্রতিষ্ঠানে বিদ্যমান কম্পিউটারের সংখ্যা (সচল/মেরামত যোগ্য) লিখুন। মেরামত যোগ্য নয় এমন অচল কম্পিউটার এই তথ্যে অন্তর্ভূক্ত হবে না।

**২.৪** নং প্রশ্নে অনলাইনে ক্লাস পরিচালনার জন্য প্রশিক্ষিত শিক্ষক বলতে যে শিক্ষকগণ অনলাইনে ক্লাস পরিচালনা সংক্রান্ত কোন না কোন প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে বোঝাবে।

**২.৫** নং প্রশ্নে প্রতিষ্ঠান হতে অনলাইন ক্লাস পরিচালনার ব্যবস্থা বলতে প্রতিষ্ঠানে অনলাইন ক্লাস পরিচালনার উপযোগী ডিভাইস (ল্যাপটপ/ কম্পিউটার, ওয়েবক্যাম ইত্যাদি), ইন্টারনেট সংযোগ ও অনলাইন ক্লাস পরিচালনার সুবিধা বোঝাবে।

- **দূর শিক্ষণ (Distance Learning):** দূর শিক্ষণ বা Distance Learning হচ্ছে এমন একটি শিক্ষা ব্যবস্থা যেখানে শিক্ষার্থীগণ ঘরে বসে বিভিন্ন যোগাযোগ মাধ্যম (যেমন: টিভি বা ইন্টারনেট ভিত্তিক যোগযোগ মাধ্যম জুম, ফেসবুক, ইউটিউব, গুগল মিট/ক্লাস ইত্যাদি) ব্যবহার করে শিক্ষার সুযোগ লাভ করে থাকে।

**৩.৪** নং প্রশ্নে দূর শিক্ষণ পদ্ধতিতে বিষয় ভিত্তিক সপ্তাহে পরিচালিত ক্লাসের সংখ্যা এবং তাতে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীর সংখ্যা অনলাইন প্লাটফর্মের এটেনডেন্স অনুযায়ী উল্লেখ করুন।

**৩.৫** নং প্রশ্নে দূর শিক্ষণ পদ্ধতিতে পরিচালিত ক্লাসের উপস্থিতি নিশ্চিতের জন্য কোন প্রকার হাজিরা গ্রহণ করা হলে ‘হ্যাঁ’ এবং অন্যথায় ‘না’ সিলেক্ট করুন।

**৩.৫.১** নং প্রশ্নে হাজিরা গ্রহণ করা হয়ে থাকলে উক্ত হাজিরা অনুসারে শ্রেণি ভিত্তিক নিয়মিত, অনিয়মিত এবং অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা সংখ্যায় লিখুন।

**৩.৬** নং প্রশ্নে শ্রেণিভিত্তিক মূল্যায়ণ বলতে শিক্ষার্থীদের এসাইনমেন্ট প্রদান ও মূল্যায়ণ বা একাডেমিক মূল্যায়ণে ব্যবহৃত যে কোন পদ্ধতিকে বোঝাবে।

**৩.৬.৩** নং প্রশ্নে কোভিড পরিস্থিতিতে প্রতিষ্ঠান কর্তৃক বাংলা ও ইংরেজি পঠন ও গাণিতিক দক্ষতা পরিমাপে পরিচালিত মূল্যায়ণ পদ্ধতি যথেষ্ট কিনা তা উল্লেখ করুন।

**৩.৬.৪** নং প্রশ্নে ৩.৬.৩ এর উত্তর ‘না’ হলে তার কারণ বা কারণ সমূহ লিপিবদ্ধ করুন।

**৩.৭** নং প্রশ্নে ফি বলতে অনলাইন ক্লাস পরিচালনার জন্য গৃহীত যেকোনো প্রকার ফি বোঝাবে।

**৩.৮** নং প্রশ্নে দূর শিক্ষণ (Distance Learning) পদ্ধতিতে ক্লাস পরিচালনায় সরাসরি অংশগ্রহণকারী শিক্ষকের সংখ্যা লিখুন।

**৩.৯** নং প্রশ্নে দূর শিক্ষণ (Distance Learning) পরবর্তীতে ক্লাস পরিচালনা করা না হয়ে থাকলে তার কারণ বা কারণসমূহ নির্বাচন /উল্লেখ করুন।

**৫.১** নং প্রশ্নে করোনায় আক্রান্ত এবং করোনায় মৃত্যু বরণকারী শিক্ষক এবং শিক্ষার্থীর হালনাগাদ তথ্য সংখ্যায় উল্লেখ করুন।

**৫.২** নং প্রশ্নে করোনায় প্রাপ্ত আর্থিক অনুদান ও অন্যান্য সাহায্য সংক্রান্ত তথ্য উল্লেখ করুন।

**৫.৩** নং প্রশ্নে করোনা ঝুঁকি মোকাবেলায় সরকারি প্রচেষ্টার পাশাপাশি প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত অন্যান্য সামাজিক কার্যক্রম পরিচালিত হয়ে থাকলে তা নির্বাচন/ উল্লেখ করুন।

**৫.৪** নং প্রশ্নে করোনাকালীন শিক্ষার্থীদের টিউশন ফি/সেশন ফি/বেতন সংক্রান্ত কি কি পদক্ষেপ নিয়েছেন তা নির্বাচন/ উল্লেখ করুন।

# শিক্ষার্থী ও অভিভাবকদের তথ্যছক পূরণের নির্দেশিকা

**১.১** নং প্রশ্নে শিক্ষা প্রতিষ্ঠানের নাম বাংলায় স্পষ্টাক্ষরে স্বীকৃতি অনুযায়ী লিখুন এবং প্রতিষ্ঠানটি কোন উপজেলা/থানা ও জেলায় অবস্থিত তার নাম লিখুন।

**১.২** নং প্রশ্নে শিক্ষা প্রতিষ্ঠানের ধরন নির্বাচন করুন।

**১.৩** নং প্রশ্নে শিক্ষার্থীদের নাম ইংরেজি বড় হাতের অক্ষরে লিখুন।

**১.৩.৩** নং প্রশ্নে শিক্ষার্থী কোন শ্রেণিতে এবং কোন বিভাগে অধ্যয়নরত আছে তা উল্লেখ করুন।

**২.১** নং প্রশ্নে করোনা মহামারীর পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের সময় ব্যতীত দৈনিক পড়াশোনার সময়ের প্রযোজ্য ঘরে টিক দিন।

**২.২** নং প্রশ্নে করোনাকালীন সময়ে দৈনিক গড়ে কত ঘন্টা পড়াশোনা করেন তা উল্লেখ করুন।

**২.৬** নং প্রশ্নে আপনার বাসায় কোন ধরনের ইন্টারনেট সংযোগ আছে তার পাশে টিক চিহ্ন দিন। ইন্টারনেট সংযোগ না থাকলে "ইন্টারনেট সংযোগ নেই" এর পাশে টিক চিহ্ন দিন।

**২.৭** নং প্রশ্নে ইন্টারনেট সংযোগ না থাকলে তার কারণ/কারণ সমূহে এক বা একাধিক টিক চিহ্ন দিন। আর প্রশ্নমালার অপশনগুলোর সাথে মিল না থাকলে 'অন্যান্য' এর ঘরে টিক দিন।

**৩.১** নং প্রশ্নে  করোনাকালীন দূর শিক্ষণ পদ্ধতিতে কোন ধরনের একাডেমিক শিক্ষা গ্রহণ করে থাকলে 'হ্যাঁ' এবং না করে থাকলে 'না' এর ঘরে টিক দিন।

*** বি: দ্র: ৩.১ এর উত্তর 'না' হলে সরাসরি প্রশ্ন নং ৩.১৭.১ এ চলে যান।**

**৩.৫** নং প্রশ্নে সংসদ টিভিতে পরিচালিত বিষয় ভিত্তিক ক্লাসগুলো কতটুকু বুঝতে পারছেন তা প্রতিটি বিষয়ের পাশে অবস্থিত ঘরগুলোতে প্রদত্ত অপশন অনুযায়ী টিক দিন এবং কোন মন্তব্য থাকলে তা লিপিবদ্ধ করুন।

**৩.৬** নং প্রশ্নে সংসদ টিভিতে পরিচালিত ক্লাসসমূহ থেকে পাঠগ্রহণে আপনি কি কি সুবিধা পাচ্ছেন এবং কি কি অসুবিধার সম্মুখীন হচ্ছেন তা সংক্ষেপে উল্লেখ করুন।

**৩.৭** নং প্রশ্নে দূর শিক্ষণের মাধ্যমগুলোর সাহায্যে আপনি কোথা থেকে পাঠগ্রহণ করছেন তার পাশে টিক চিহ্ন দিন।

**৩.৮** নং প্রশ্নে সপ্তাহে গড়ে কতটি ক্লাসে অংশগ্রহণ করেন তা নির্ধারিত অপশনগুলোর মধ্য হতে বাছাই করুন।

**৩.১১** নং প্রশ্নে অ্যাপ সমূহের মাধ্যমে পরিচালিত ক্লাস সমুহ থেকে পাঠগ্রহণে আপনি কি কি সুবিধা পাচ্ছেন এবং কি কি অসুবিধার সম্মুখীন হচ্ছেন তা সংক্ষেপে উল্লেখ করুন।

**৩.১২** নং প্রশ্নে অ্যাপ এর মাধমে পাঠগ্রহণ করতে ইন্টারনেট বাবদ মাসিক গড়ে কত টাকা খরচ হয় তা নিম্নোক্ত অপশনগুলোর মধ্যে নির্বাচন করুন। এখানে ইন্টারনেট বিল/ খরচ ব্যতীত অন্যান্য খরচ অন্তর্ভূক্ত হবে না।

**৩.১৩** নং প্রশ্নে দূর শিক্ষণ পদ্ধতির বিভিন্ন  মাধ্যম গুলোর মধ্যে কোন মাধ্যমটি আপনার নিকট সবচেয়ে কার্যকরী/ ফলপ্রসু/সুবিধাজনক মনে হয়েছে তার পাশে টিক চিহ্ন দিন।

**৩.১৪** নং প্রশ্নে দূর শিক্ষণ পদ্ধতিতে পাঠগ্রহণের মাধ্যমে ইংরেজি ও বাংলা পঠন এবং গণিত দক্ষতা অর্জন করা সম্ভব হবে কিনা তা উল্লেখ করুন।

**৩.১৭.১** নং প্রশ্নে দূর শিক্ষণ পদ্ধতিতে সংসদ টেলিভিশনে পরিচালিত ক্লাস সমূহে অংশগ্রহণ না করে থাকলে তার কারণ/কারণসমূহ উল্লেখ করুন। যদি সংসদ টেলিভিশনে পরিচালিত ক্লাস সমূহে অংশগ্রহণ করে থাকেন তবে প্রশ্নটি এড়িয়ে যান।

**৩.১৭.২** নং প্রশ্নে দূর শিক্ষণ পদ্ধতিতে বিভিন্ন অ্যাপের মাধ্যমে পরিচালিত ক্লাসসমূহে অংশগ্রহণ না করার কারণ/কারণ সমূহ উল্লেখ করুন। যদি বিভিন্ন অ্যাপের মাধ্যমে পরিচালিত ক্লাস সমূহে অংশগ্রহণ করে থাকেন তবে প্রশ্নটি এড়িয়ে যান।

**৪.১** নং প্রশ্নে কোভিড-১৯ আক্রান্ত হয়ে থাকলে কোভিড-১৯ টেস্টে প্রাপ্ত রেজাল্টের ভিত্তিতে 'হ্যাঁ'তে টিক চিহ্ন দিন। অন্যথায় 'না' বা 'নিশ্চিত নই' এ টিক দিন। উল্লেখ্য, কোভিড-১৯ টেস্ট ব্যতীত কোনভাবেই কেউ কোভিড আক্রান্ত হিসেবে গণ্য হবেন না।

**৪.১.১** নং প্রশ্নে আপনি কোভিড -১৯ এ আক্রান্ত হয়ে থাকলে সুচিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা হয়েছিলো কি না উল্লেখ করুন। সুচিকিৎসা বলতে যথাসময়ে কোভিড টেস্ট করানো, হাসপাতালে ভর্তি বা আইসোলেশনে থাকা সহ অন্যান্য জরুরি পরামর্শ সেবা গ্রহণ করাকে বোঝাবে।

**৪.৩** নং প্রশ্নে বর্তমানে করোনাকালীন লেখাপড়ার পাশাপাশি আপনি আর কি কি করে থাকেন তার পাশে টিক দিন।

**৪.৪.১** নং প্রশ্নে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে থাকলে তার কারণ/কারণসমূহ উল্লেখ করুন।

**৪.৪.২** নং প্রশ্নে করোনাকালীন মানসিকভাবে প্রফুল্ল থাকতে আপনার পরিবার আপনাকে কিভাবে সহযোগিতা করছে তা অপশনগুলোর মধ্য থেকে বাছাই করে টিক দিন।

**৫.১** নং প্রশ্নে অভিভাবকের নাম ইংরেজি বড় অক্ষরে লিখুন।

**৫.১.১** নং প্রশ্নে শিক্ষার্থীর সাথে অভিভাবকের সম্পর্ক নির্বাচন করুন। অপশনে না থাকলে 'অন্যান্য' তে টিক দিন।

**৫.১.৩** নং প্রশ্নে অভিভাবক কোন পেশায় নিয়োজিত তা বাছাই করে টিক দিন। অপশনে না থাকলে 'অন্যান্য' এর ঘরে টিক দিন।

**৫.১.৪** নং প্রশ্নে উত্তরদাতার নাম ইংরেজি বড় অক্ষরে লিখুন।

**৫.১.৫** নং প্রশ্নে শিক্ষার্থীর সাথে উত্তরদাতার সম্পর্ক নির্বাচন করুন। উলেখ্য, এখানে উত্তরদাতা অভিভাবক নিজেও হতে পারে অথবা পরিবারের অন্য কোন সদস্যও হতে পারে।

**৫.১.৭** নং প্রশ্নে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছেলে এবং মেয়ের সংখ্যা লিখুন।

**৫.১.৮** নং প্রশ্নে অভিভাবকের মাসিক ব্যয় (পরিবারের সকল ব্যয়) টাকার অংকে লিখুন।

**** বি: দ্র: ৫.২ থেকে ৫.১৩.১ পর্যন্ত সকল প্রশ্নে 'আপনার সন্তান/ পোষ্য' বলতে শুধুমাত্র এই প্রশ্নমালার 'সেকশন-ক' পূরণকারী ঐ নির্দিষ্ট সন্তান/ পোষ্য- কে বোঝাবে। এখানে অন্যান্য সন্তান/ পোষ্যদের তথ্য দেয়া যাবে না।**

**৫.৪** নং প্রশ্নে তথ্য প্রদানকারী ঐ নির্দিষ্ট সন্তান বা পোষ্যের ক্ষেত্রে করোনা মহামারীর র্পূবে মাসিক শিক্ষা ব্যয় (আনুমানিক) কত ছিল তা উল্লেখ করুন।

**৫.৫** নং প্রশ্নে তথ্য প্রদানকারী ঐ নির্দিষ্ট সন্তান বা পোষ্যের ক্ষেত্রে করোনাকালীন মাসিক শিক্ষা ব্যয় (আনুমানিক) কত তা উল্লেখ করুন।

**৫.৭** নং প্রশ্নে আপনার সন্তান বা পোষ্য বর্তমানে কোন অর্থনৈতিক কাজে জড়িত থাকলে 'হ্যাঁ' এবং না থাকলে 'না' তে টিক দিন, অনিয়মিত ভাবে কোন অর্থনৈতিক কাজে জড়িত থাকলে 'অনিয়মিত' তে টিক দিন।

**৫.৯** নং প্রশ্নে করোনাকালে আপনার সন্তান বা পোষ্য এর পড়ালেখা চালিয়ে নেওয়ার জন্য কোন প্রকার শিক্ষা সহায়তা পেয়ে থাকলে কোথা থেকে পেয়েছেন তা অপশন থেকে বাছাই করে টিক দিন, আর না পেয়ে থাকলে 'কোন প্রকার আর্থিক সহযোগিতা পাইনি' তে টিক দিন।

**৫.১৩** নং প্রশ্নে করোনাকালীন স্কুল বন্ধ থাকায় আপনার সন্তান/পোষ্য শারীরিক অথবা মানসিক ভাবে ক্ষতিগ্রস্ত/ পরিবর্তন হচ্ছে বলে মনে করলে 'হ্যাঁ' এবং অন্যথায় 'না' তে টিক দিন।

**৫.১৩.১** নং প্রশ্নে ৫.১৩ এর উত্তর 'হ্যাঁ' হলে সেক্ষেত্রে তাকে শারীরিক ও মানসিক ভাবে প্রফুল্ল রাখতে আপনি কিভাবে সাহায্য করছেন তা অপশন থেকে বাছাই করে টিক দিন। প্রদত্ত অপশনে না থাকলে অন্যান্য তে উল্লেখ করুন।

# নমুনা শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি

প্রথমে শ্রেণির শিক্ষার্থীর সংখ্যাকে ৫ দিয়ে ভাগ করুন। ধরি ভাগ ফল ১৩। শ্রেণির প্রথম শিক্ষার্থী নির্বাচন করতে হবে রোল নম্বর ১ থেকে ১৩ এর মধ্যের যে কোন একজনকে। ধরি, ষষ্ঠ শ্রেণির ক্ষেত্রে রোল নম্বরটি ১। তাহলে ষষ্ঠ শ্রেণির ক্ষেত্রে নির্বাচিত প্রথম ছাত্র/ছাত্রীটি হবে এক রোল নম্বরধারী শিক্ষার্থী। নির্বাচিত ২য় ছাত্র/ছাত্রীটি হবে ১৪(১+১৩) রোল নম্বরধারী শিক্ষার্থী। এভাবে ৩য়, ৪র্থ ও ৫ম নির্বাচিত ছাত্র/ছাত্রীরা হবে যথাক্রমে ২৭(১৪+১৩), ৪০(২৭+১৩), এবং ৫৩ (৪০+১৩) রোল নম্বরধারী শিক্ষার্থী। শিক্ষার্থী নির্বাচনে ছাত্র-ছাত্রী সংখ্যার সমতা নিশ্চিত করতে হবে।

প্রতি দুইটি নমুনা স্কুল থেকে ৫টি শ্রেণির ৫*৫=২৫ শিক্ষার্থী ও তাদের অভিভাবকের সাক্ষাৎকার গ্রহণ করে তথ্য সংগ্রহ করতে হবে। একইভাবে প্রতি দুইটি নমুনা মাদ্রাসা থেকে ৫টি শ্রেণির ৫*৫=২৫ শিক্ষার্থী ও তাদের অভিভাবকের সাক্ষাৎকার গ্রহণ করে তথ্য সংগ্রহ করতে হবে। কিন্তু স্কুল এন্ড কলেজ, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসার ক্ষেত্রে ৫+২=৭ শ্রেণির ৭*৫=৩৫জন হবে। কলেজের ক্ষেত্রে দুইটি শ্রেণির ২*৫=১০ জন হবে।

উল্লেখ্য, প্রথম স্কুল/মাদ্রাসা থেকে ৬ষ্ঠ, ৮ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থী নির্বাচন করলে অপরটি থেকে ৭ম ও ৯ম শ্রেণির শিক্ষার্থী নির্বাচন করুন। এভাবে প্রতি শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা ও ছাত্র-ছাত্রীর সংখ্যার সমতা রক্ষার চেষ্টা করতে হবে।

নিচের ছকে নমুনা চয়নের বিস্তারিত নকশা দেয়া হলো (উদাহরণ):

| শ্রেণি | শ্রেণিতে মোট শিক্ষার্থীর সংখ্যা | শ্রেণিতে মোট শিক্ষার্থীর সংখ্যা/৫=X | ১ম নির্বাচিত ছাত্র/ছাত্রী রোল নম্বর (নির্দিষ্ট থাকবে) | নির্বাচিত ছাত্র/ছাত্রী রোল নম্বর (...+X) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬ষ্ঠ | ৬৫ | ১৩ | ১ | ১, ১৪, ২৭, ৪০, ৫৩ |
| ৭ম | ৬০ | ১২ | ২ | ২, ১৪, ২৬, ৩৮, ৫০ |
| ৮ম | ৫৪ | ১০.৮=১১ | ৩ | ৩, ১৪, ২৫, ৩৬, ৪৭ |
| ৯ম | ৪৫ | ৯ | ৪ | ৪, ১৩, ২২, ৩১, ৪০ |
| ১০ম | ৪১ | ৮.২=৮ | ৫ | ৫, ১৩, ২১, ২৬, ৩৪ |
| ১১শ | ৬৫ | ১৩ | ১ | ১, ১৪, ২৭, ৪০, ৫৩ |
| ১২শ | ৫৫ | ১১ | ২ | ২, ১৩, ২৪, ৩৫, ৪৬ |

- তথ্য সংগ্রহ সম্পন্ন হলে নির্দিষ্ট স্থানে স্বাক্ষর গ্রহণ করে এবং নিজে স্বাক্ষর করে উত্তরদাতাকে কে ধন্যবাদ জ্ঞাপন করুন।
- জরিপ তথ্যছক পূরণে যে কোন সহযোগিতা/ পরামর্শের জন্য যোগাযোগ করুন:

| নং | নাম | পদবি | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১। | জনাব শেখ মোঃ আলমগীর | চিফ, পরিসংখ্যান বিভাগ | ০২ ৫৫১৫১৮১৫ | ০১৭১১৫৭৬৩৩৩ |
| ২। | জনাব এস.এম কামরুল হাসান খান | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৫ | ০১৫৫২৩৩৯২৩১ |
| ৩। | জনাব মোহাম্মদ ফখরুল হাসান | পরিসংখ্যান অফিসার | - | ০১৭১২৫৫৫৪৬৯ |
| ৪। | জনাব নূর মোহাম্মদ | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫১৭৯৮ | ০১৭১০৪৮০৯৯২ |